# ২০১২ : আইসিটি পেশাজীবীদের সুবর্ণসময়

মইন উদ্দীন মাহমুদ

বছর শেষে নতুন বছরের শুরুতে প্রতিবারের মতো এবারও বিভিন্ন মানদণ্ডের ভিত্তিতে বিভিন্ন বিষয়ের ওপর নির্বাচন করা হয় সেরা ব্যক্তিত্ব, সেরা পণ্য ইত্যাদি ইত্যাদি। অবশ্য এ ধরনের নির্বাচন হয় নির্দিষ্ট কিছু নীতি অনুসরণ করে, যা স্থান-কালপাত্র ভেদে ভিন্ন হয়। এ ধারা প্রযুক্তিপণ্যের ক্ষেত্রেও দৃশ্যমান। শুধু তাই নয়, পুরনো বছরের শেষে এবং নতুন বছরে শুরুতে প্রযুক্তির কোন কোন ক্ষেত্রের পেশাদারদের চাহিদা বেশি হবে অর্থাৎ 'হট জব' কোনটি হবে তারও জরিপ হয় এবং সে অনুযায়ী জল্পনা-কল্পনা হয় সারা বিশ্বে। আর এ বিষয়টি অর্থাৎ ২০১২ সালের জন্য সবচেয়ে চাহিদাসম্পন্ন আইসিটিভিত্তিক পেশা তথা 'হট আইসিটি জব' তুলে ধরা হয়েছে এ লেখায়। এখানে উল্লিখিত বিষয়গুলো স্থান-কাল-পাত্রের ভিন্নতার কারণেও ভিন্ন হবে এটাই স্বাভাবিক।


## 'হট জব' বা সবচেয়ে বেশি চাহিদার পেশা কী?

প্রথমেই জেনে নেয়া যাক হট জব বলতে কি বুঝায়? 'হট জব' বা বেশি চাহিদার পেশার সংজ্ঞা দিতে গিয়ে নিউজিল্যান্ডের গবেষণা প্রতিষ্ঠান র‍্যান্ডস্ট্যাড (Randstad)-এর অপারেশন ডিরেক্টর পল রবিনসন বলেন, হট জব বা পেশা হলো সেটি, যেখানে মানসম্মত চাকরিপ্রার্থীর সংখ্যা চাহিদা অনুযায়ী সীমিত। র‍্যান্ডস্ট্যাডের গবেষণায় আরো বলা হয়, দেশের শীর্ষ প্রতিভাধরদের নিজ প্রতিষ্ঠানে বেশি বেশি করে নিয়োগদাতাদের ইচ্ছায় যে প্রতিযোগিতা হয়, তাও হট জব হিসেবে যুক্ত হতে পারে। আর এ বিষয়টি আইসিটি ক্ষেত্রেও সমভাবে প্রযোজ্য।

আইটি পেশাদাররা ২০১২ সালের জন্য প্রত্যাশা করছে নতুন ক্ষেত্র এবং নতুন পেশা। কেননা, এখন আইসিটি ক্ষেত্রে যুক্তরাষ্ট্রসহ বিশ্বের বিভিন্ন দেশজুড়ে আইটি জব মার্কেটে তেজীভাব বিরাজ করছে, যা ধীরে ধীরে বাড়ছে। অথচ কয়েক বছর আগে অন্যান্য ক্ষেত্রের মতো আইসিটি ক্ষেত্রেও জব মার্কেটের অবস্থা ছিল খুবই নাজুক। এখন সেই মন্দা অবস্থা অন্যান্য ক্ষেত্রে বিরাজ করলেও আইসিটি ক্ষেত্রে আর নেই এবং আইসিটির বিভিন্ন ক্ষেত্রের পেশাদারদের চাহিদা ও বেতনও বাড়ছে অন্য যেকোনো ক্ষেত্রের তুলনায় বেশি করে।

জ্যানকো এবং ইজবডেসক্রিপশন ডট কম সাইট ১৯৮৯ সাল থেকে আইটি জব মার্কেটের বেতনের ওপর জরিপ পরিচালনা করে আসছে। তাদের পরিচালিত জরিপ ডাটা ব্যবহার ও প্রকাশ করে আসছে কমপিউটার ইন্ডাস্ট্রি অ্যালমানাকস, ওয়ালস্ট্রিট জার্নাল, নিউইয়র্ক টাইমস, ইউইকসহ অন্যান্য ইন্ডাস্ট্রি। শুধু তাই নয় বছর জুড়ে সিএনএনসহ জাতীয় ও অন্যান্য আন্তর্জাতিক মিডিয়াতে এই জরিপ রিপোর্ট বেশ গুরুত্ব পায়। জ্যানকো এবং ইজবডেস্ক্রিপশন ডট কম সাইট পরিচালিত জরিপ বছরে দু'বার প্রকাশিত হয় জানুয়ারি এবং জুলাইতে। জ্যানকো এবং ইজবডেস্ক্রিপশন ডট কম এর জরিপে দেখা গেছে, আইটি পেশাজীবিদের বেতন ২০১২ সালে বেশ বাড়বে বিশেষ করে মধ্যম সাইজের এন্টারপ্রাইজের পেশাজীবিদের (চিত্র-১)। যুক্তরাষ্ট্রের ব্যুরো অব লেবার স্ট্যাটিসটিক্স (BLS) এর তথ্যমতে জানা যায় ২০১১ সালে ৩৩,১০০ জন আইটি পেশাজীবি যুক্ত হয়েছে, এ ধারা ২০১২ সালেও থাকবে।

জ্যানকো'র রিপোর্টে আরো জানা যায়





কমপিউটার সিস্টেম ডিজাইন এবং এ সংশ্লিষ্ট সার্ভিস, টেলিকমিউনিকেশন, ডাটা প্রসেসিং হোস্টিংসহ অন্যান্য আইটি সার্ভিসে আইটি পেশাজীবিদের হায়ারিং প্রবণতা যথেষ্ট বাড়বে। এ রিপোর্ট প্রকাশ করা হয় ১০৭ অর্গানাইজেশনের ওপর জরিপ করে। এতে দেখা গেছে হায়ারিং প্রবণতা ২৫% বাড়বে (চিত্র-২)।

অস্ট্রেলিয়ার কমপিউটার সোসাইটির ১৯৯৭-২০১১ সাল পর্যন্ত জরিপে দেখা যায় প্রাইভেট সেক্টরে যে ২০১১ থেকে আইসিটি পেশাজীবিদের বেতন বাড়ে ৪.২ শতাংশ যেখানে ২০১০ সালে কোনো বেতন বাড়েনি (চিত্র-৩)।

ক্লাউড কমপিউটিং আইটি বিভাগের ক্যারিয়ারের ব্যাপক পরিবর্তন আনে, যা ২০১২ সালের ক্যারিয়ারের ক্ষেত্রেও অব্যাহত থাকবে। ক্লাউড কমপিউটিং প্রকৃতপক্ষে আইটি পেশাদারদের জন্য তৈরি করেছে নতুন নিয়ম-রীতি। আর স্মার্টফোন ট্যাবলেট পিসির ব্যাপক জনপ্রিয়তায় সফটওয়্যার ডেভেলপারদের জন্য সৃষ্টি করে ব্যাপক চাহিদা। অর্থনীতিতে বিশ্বমন্দার পর আইটির বাজার ২০১১ সাল থেকে খুবই দ্রুতগতিতে স্বমহিমায় ফিরে আসতে শুরু করে মূলত ছোট এই আইটি ডিভাইসগুলোর জন্য, যা ২০১২ সালে আরো উন্নততর হবে। যদিও এ সময় বিশ্ব অর্থনীতি এক তীব্র চ্যালেঞ্জের মুখে পড়বে। বিশ্বের বিভিন্ন দেশের বাজার বিশ্লেষকদের পর্যালোচনায় দেখা যায়, ২০১২ সালে আইটি পেশাজীবীদের বিভিন্ন ক্ষেত্রে ব্যাপক চাহিদা যেমন বাড়বে, তেমনি বাড়বে বেতন। নিচে বিভিন্ন নিয়োগদাতা প্রতিষ্ঠান তথা স্টাফিং প্রতিষ্ঠানের অভিমত তুলে ধরে দেখানো হয়েছে আইসিটির কোন কোন ক্ষেত্রে চাহিদা ও বেতন কেমন হবে।

ইয়োহ (yoh) স্টাফিং ওয়েস্টার্ন রিজিয়নের সিনিয়র ভাইস প্রেসিডেন্ট টাম্মি ব্রাউনিং বলেন,

আইটি পেশাজীবী হায়ারিং প্রবণতার লেখচিত্র




আইটি পেশাজীবীদের মজুরি দিয়ে নিযুক্ত করার প্রবণতা ২০১১ সালের তুলনায় ১০ থেকে ১৫ শতাংশ ভালো।

শিকাগোভিত্তিক আইটি আউটসোর্স প্রতিষ্ঠান 'প্রেসিডেন্ট সলিউশনস'-এর সিআইও জেরি ইরভাইন বলেন, তিনি তার প্রতিষ্ঠানের জন্য ২০১১ সালে ৩ জন আইটি পেশাজীবী নিয়োগ দেন এবং ২০১২ সালে আরো ৩০ থেকে ৪০ জন আইটি পেশাজীবীকে নিয়োগ দিতে চান। বর্তমানে তার প্রতিষ্ঠানে সিনিয়র প্রজেক্ট ম্যানেজার, শেয়ার পয়েন্ট প্রোগ্রামার, ইনফ্রাস্ট্রাকচার ইঞ্জিনিয়ার, সিস্টেম ইঞ্জিনিয়ার এবং আইটিআইএল হেলপডেস্ক টেকনিশিয়ানদের জন্য ১৩টি পদ খোলা রাখা হয়েছে।

ব্যাপকভাবে আইটি পেশাজীবী হায়ার করা সংবাদটি অবশ্যই ইতিবাচক, বিশেষ করে যখন ►

অনেক আইটি পেশাজীবী নতুন কাজ খুঁজছেন। স্টাফিং ফার্ম টেকনিসোর্স-এর সর্বশেষ আইটি এমপ্লোয়ি 'কনফিডেন্স ইনডেক্স'-এর তথ্যানুযায়ী জানা যায়, ২৫৭ জন কর্মরত আইটি পেশাজীবীর মধ্যে শতকরা ৩২ জনই নতুন আইটি পেশা অনুসন্ধান করছেন।

আইটি স্টাফ এক্সপার্ট অনুমান করছে যে আইটি পেশাজীবীদের বেতন দীর্ঘদিন নিশ্চল থাকার পর তা এখন বাড়ছে। আইটি পেশাজীবীরা উপলব্ধি করছেন, প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ চাকরির বাজারে দক্ষ আইটি পেশাজীবীদের দরকার উপযুক্ত পারিতোষিক। আইটি জব সাইট Dice.com-এর ব্যবস্থাপনা পরিচালক এলাইস হিল বলেন, 'গত কয়েক বছর ধরে আইটিসিটি পেশাজীবীদের বেতন আকর্ষণীয় ছিল না। তিনি আরো বলেন, ইনলাইং ভাড়াটে বিভিন্ন প্রতিষ্ঠানের ম্যানেজার তাদের সর্বোত্তম প্রচেষ্টা চালায় প্রতিদ্বন্দ্বী কোম্পানিগুলো থেকে সেরা কর্মী টেনে আনার জন্য। আর এজন্য স্টাফদের বেতনও বাড়াতে কার্পণ্য করে না তারা।

লসঅ্যাঞ্জেলেসভিত্তিক আইটি স্টাফিং প্রতিষ্ঠান Q-এর ম্যানেজিং ডিরেক্টর শেন বার্নস্টাইন (Shane Bernstein) বলেন, আইটি পেশাজীবীদের বেতন বৃদ্ধির হার ২০১২ সালে আরো বাড়বে। কেননা, প্রযুক্তি খাতে অর্থনীতি মনে হয় আগের চেয়ে আরো ভালো হবে। আরো বেশিসংখ্যক কোম্পানি আইটি পেশাজীবীদের নিয়োগ দেবে। এর ফলে প্রতিভাধরদের সংখ্যা অনেক কমে যাবে এবং সে অনুযায়ী দক্ষ ও প্রতিভাধরদের চাহিদা অনেক বেড়ে যাবে। আরো সুসংবাদ হলো, কাজের সুযোগ এবং আয়ের সম্ভাবনা পুরোপুরি সিলিকনভ্যালিকেন্দ্রিক হবে না। বরং গোটা যুক্তরাষ্ট্র হবে চাকরির ক্ষেত্র, যার প্রভাব পড়বে বিশ্বের অন্যান্য দেশেও।

যুক্তরাজ্যের নিয়োগভিত্তিক ওয়েবসাইট cwjobs.co.uk-এর দেয়া তথ্য অনুযায়ী, ব্রিটেনের স্থায়ী আইটি পেশাজীবীদের বেতন খুবই দ্রুতগতির কয়েক বছর ধরে বাড়ছে। এই নিয়োগভিত্তিক ওয়েবসাইট আরো জানিয়েছে ২০১১ সালে বেতন ২৫ শতাংশ বাড়ে। ২০১১ সাল জুড়ে বিজ্ঞাপিত আইটিজব ৪১ শতাংশ বাড়ে, যা ২০১২ সালেও অব্যাহত থাকবে। এসকিউএল প্রোগ্রামিংয়ে দক্ষদের চাহিদা অনেক থাকলেও সফটওয়্যার ডেভেলপমেন্ট মেথডোলজি অ্যাজাইলে চাহিদা সবচেয়ে বেশি হয়। ২০১১ সালে এই বেড়ে ওঠার হার ৫৯ শতাংশ। এই আইটি নিয়োগ সাইট আরো জানিয়েছে, লন্ডনে আইটি জব ২০১০ সালের শেষ কোয়ার্টারের চেয়ে ২০১১ সালের শেষ কোয়ার্টারে ২৮ শতাংশ বেড়েছে।

ইউকে এমপ্লয়মেন্ট ইনডেক্স-এর Monster.co.uk সাইটের তথ্যানুযায়ী জানা যায়, অন্য যেকোনো সাইটের তুলনায় কারিগরি খাতে চাকরির সুযোগ অনেক বেশি। এদের চাহিদা বাড়তে বাড়তে ৩৩ শতাংশ পর্যন্ত উন্নীত হয়। পক্ষান্তরে একই সময়ে প্রযুক্তি খাতে বেতন বাড়ে ৩০ শতাংশ।

নিচে কয়েকটি আইটি জব তথা পেশার কথা উল্লেখ করা হলো। এগুলো ২০১২ সালের জন্য হবে সবচেয়ে চাহিদার আইটি পেশা যার বেতন হবে সর্বোচ্চ।

## মোবাইল অ্যাপ্লিকেশন ডেভেলপমেন্ট

যেসব আইটি প্রফেশনাল মোবাইল ডিভাইসের জন্য অ্যাপ্লিকেশন ডেভেলপ করতে পারবে, তাদের চাহিদা হবে সবচেয়ে বেশি। আইটি স্টাফিং বিশেষজ্ঞরাও একমত যে, এই গ্রুপ ২০১২ সালে থাকবে ঈর্ষণীয় অবস্থানে তথা পজিশনে। কেননা মোবাইল ডিভাইসের কোম্পানিগুলো তাদের স্মার্টফোন ও ট্যাবলেট পিসির উপযোগী ওয়েবসাইট এবং অ্যাপ্লিকেশন ডেভেলপমেন্টের জন্য খুবই তৎপর হয়ে আছে।

মোবাইল অ্যাপ্লিকেশন ডেভেলপারদের চাহিদা সম্পর্কে জানা যাবে Dice.com সাইট থেকে। এই সাইটের তথ্য থেকে জানা যায়, গত পাঁচ বছরে অ্যান্ড্রয়িড এবং আইফোনের ডেভেলপারদের জন্য জব পোস্টিং করা হয় ১২৯ থেকে ১৯০ শতাংশ পর্যন্ত।

স্টাফিং ফার্ম 'রবার্ট হাফ ইন্টারন্যাশনাল'-এর টেকনোলজি ডিভিশনের প্রজেক্টে মোবাইল অ্যাপ্লিকেশন ডেভেলপারদের শুরুতেই বেতন ২০১২ সালে ৯.১ শতাংশ বাড়বে, যার বার্ষিক বেতন সীমা হলো ৮৫,০০০ ডলার থেকে ১,২২,৫০০ ডলার পর্যন্ত। ইয়োহর সিনিয়র ভাইস প্রেসিডেন্ট ট্যাম্মি ব্রাউনিং বলেন, মোবাইল গেম ডেভেলপারদের বার্ষিক বেতন সীমা হলো ১,১৫,০০০ ডলার থেকে শুরু করে সর্বোচ্চ ১,৪০,০০০ ডলার। তিনি আরো বলেন, একজন অ্যান্ড্রয়িড ডেভেলপার গড় পড়তায় প্রতি ঘণ্টা ৭০ ডলার থেকে ১০০ ডলার দাবি করতে পারেন চুক্তিভিত্তিক কাজের জন্য।

আইটি জব সাইট Dice.com-এর ব্যবস্থাপনা পরিচালক এলাইস হিল আরো বলেন, সফটওয়্যার ডেভেলপারদের জন্য কখনই খারাপ সময় যাবে না বিশেষ করে এ মুহূর্তে। আর আপনি যদি হন মোবাইল অ্যাপ্লিকেশন ডেভেলপার, তাহলে ধরে নিতে পারেন এ বছরটি হবে আপনার জন্য সুবর্ণসময় (চিত্র-৪)।

## সফটওয়্যার ডেভেলপার

পিসিভিত্তিক প্রোগ্রামার রচয়িতারা তাদের প্রতিরূপ মোবাইল অ্যাপ্লিকেশন ডেভেলপারদের তুলনায় কম গুরুত্বহীন হয়ে পড়ছে বা মার খেয়ে যাচ্ছে এমনটি ভাবা ঠিক হবে না। কেননা, বিভিন্ন কোম্পানিতে চাহিদা রয়েছে জাভা, ডটনেট, সি শার্প, শেয়ারপয়েন্ট এবং ওয়েব অ্যাপ্লিকেশন ডেভেলপারদের। ইয়োহর সিনিয়র ভাইস প্রেসিডেন্ট ব্রাউনিং বলেন, জাভা খুবই চাহিদাসম্পন্ন পেশা। কেননা এটি একটি ওপেন প্লাটফর্মের অ্যাপ্লিকেশন, যা যেকোনো ব্যাক-এন্ড সিস্টেমের সাথে কমিউনিকেট করতে পারে। সুতরাং বড় বড় প্রতিষ্ঠানগুলো জাভা ব্যবহার করে লিগাসি সিস্টেম থেকে ডাটা ট্রান্সফার করার জন্য। পরোক্ষভাবে বলা যেতে পারে, জাভা ডেভেলপারদের বেতন ও চাহিদা উভয়ই বাড়বে। জাভা ডেভেলপারদের বার্ষিক বেতন হবে অভিজ্ঞতার ভিত্তিতে ষাট হাজার ডলার থেকে শুরু করে এক লাখ পঞ্চাশ হাজার ডলার পর্যন্ত। আর জাভা ডেভেলপারদের চুক্তিভিত্তিক রেট হবে গড়ে প্রতি ঘণ্টায় ৯০ ডলার। স্টাফিং প্রতিষ্ঠান রবার্ট হাফ ইন্টারন্যাশনালের তথ্য অনুযায়ী, ওয়েব ডেভেলপারদের বার্ষিক বেতন সীমা হবে ৬১,২৫০ ডলার থেকে ৯৯,২৫০ ডলার।


## প্রজেক্ট ম্যানেজমেন্ট

বড় বড় প্রজেক্টের জন্য দরকার প্রজেক্ট ম্যানেজার। তবে আইটিশিল্পে প্রজেক্ট ম্যানেজারের পাশাপাশি দরকার বিজনেস অ্যানালিস্ট, যারা ব্যবহারকারীর চাহিদা শনাক্ত করে জানাবে আইটি স্টাফদের, যারা ক্লায়েন্টের প্রয়োজন অনুযায়ী কাজ করবে এবং যথাসময় প্রজেক্ট সম্পন্ন করবে। স্টাফিং প্রতিষ্ঠান রবার্ট হাফ টেকনোলজির এক্সিকিউটিভ ডিরেক্টর জন রিড বলেন, প্রজেক্ট ম্যানেজারের চেয়ে বিজনেস অ্যানালিস্টদের চাহিদা বেশি হবে। এ বিষয়টিকে অন্যভাবে বলা যায়, যারা শুধু প্রজেক্টের তত্ত্বাবধায়ক এবং কনফিগ প্রজেক্ট মনিটর করেন তাদের চেয়ে বেশি চাহিদা হলো প্রজেক্ট ডেলিভারে সহায়তাকারীদের।

## বিজনেস আর্কিটেক্ট

ব্যবসায়ের পুরনো ধ্যানধারণা থেকে আইটি আলাদা হলেও ব্যবসায়ের সফলতার জন্য টেকনোলজিই সব নয়। তবে কোম্পানির ব্যবসায়িক লক্ষ্য পূরণের পথকে চালিত করে টেকনোলজি ও বিজনেস প্রসেসকে এক সাথে চালিত করার জন্য সৃষ্টি হয় এন্টারপ্রাইজ আর্কিটেক্ট, যা বিজনেস আর্কিটেক্ট হিসেবে ►

**১৯৯৭-২০১১ সাল পর্যন্ত অস্ট্রেলিয়ায় আইটি পেশাজীবীদের বেতন বাড়ার প্রবণতা**




চিত্র-৩

